গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কারা অধিদপ্তর**
৩০/৩ উমেশ দত্ত রোড
বকশী বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

নং-৫৮.০৪.০০০০.০৫০.০৫.০০১.২৫-৫২ (৩)

তারিখঃ ৩১ বৈশাখ ১৪৩২
১৪ মে ২০২৫

**বিষয়ঃ কারা অধিদপ্তরের অধীন নন-ইউনিফর্ম ১৫ (পনেরো) প্রকার পদের নিয়োগ বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয় সংক্রান্ত বিজ্ঞাপনটি আগামী ১৮ মে ২০২৫ তারিখে শুধুমাত্র ০১ (এক) দিনের জন্য আপনার পত্রিকার ভিতরের পাতায় ১০ ইঞ্চি ৮ কলামে (অর্ধ পাতায়) প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

প্রকাশিত বিজ্ঞাপন সম্বলিত পত্রিকার সৌজন্য সংখ্যা কারা অধিদপ্তরে প্রেরণের জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক

মোঃ জান্নাত-উল-ফরহাদ
সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন)
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোন-০২-৫৭৩০০৫১৩ (দপ্তর)
aig.dev@prison.gov.bd

১। ম্যানেজার (বিজ্ঞাপন)
দৈনিক ইত্তেফাক, ৪০ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

২। ম্যানেজার (বিজ্ঞাপন)
দৈনিক আমার দেশ, ঢাকা ট্রেড সেন্টার, ৯৯
কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

৩। ম্যানেজার (বিজ্ঞাপন)
The New Age
Hamid Plaza (4th Floor), 300/5/A/1
Bir Uttam CR Datta Road, Hatirpul, Dhaka-1205.

<u>অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:</u>

১। সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃঃ আঃ প্রোগ্রামার, আইসিটি সেল (বিজ্ঞপ্তি প্রচারণার উদ্দেশ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য সংযুক্তিসহ ০১ (এক) পাতা এতদসংগে প্রেরণ করা হলো।)

২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। বিজ্ঞাপনটি পত্রিকায় প্রকাশের দিন থেকে কারা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য সংযুক্তিসহ ০১ (এক) পাতা এতদসংগে প্রেরণ করা হলো। ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞাপনের প্রমানক সংগ্রহপূর্বক কারা অধিদপ্তরে সরবরাহের জন্য অনুরোধ করা হলো।

৩। কারা মহাপরিদর্শক ও অতিরিক্ত কারা মহাপরিদর্শক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক ও অতিরিক্ত কারা মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কারা অধিদপ্তর**
৩০/৩ উমেশ দত্ত রোড
বকশী বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

নং-৫৮.০৪.০০০০.০৫০.০৫.০০১.২৫-৫১

তারিখঃ ৩১ বৈশাখ ১৪৩২
১৪ মে ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

কারা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত (নন-ইউনিফর্ম) নিম্নবর্ণিত শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত পদের পার্শ্বে উল্লিখিত যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিয়োক্ত শর্তাধীনে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| ১. | ফার্মাসিস্ট<br>গ্রেড-১১<br>বেতন স্কেলঃ ১২,৫০০-৩০,২৩০/- | ৩০<br>(ত্রিশ) | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ডিপ্লোমা-ইন-ফার্মেসী সনদ প্রাপ্ত। |
| ২. | উচ্চমান সহকারী<br>গ্রেড-১৪<br>বেতন স্কেলঃ ১০,২০০-২৪,৬৮০/- | ০৫<br>(পাঁচ) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী ও কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্তসহ তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩. | সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৪<br>বেতন স্কেলঃ ১০,২০০-২৪,৬৮০/- | ০৯<br>(নয়) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) বাংলা ও ইংরেজি সাঁট লিপিতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি যথাক্রমে ৪৫ ও ৭০ শব্দ।<br>(গ) বাংলা ও ইংরেজি কম্পিউটার মুদ্রাক্ষর লিখনে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ।<br>(ঘ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৪. | কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>বেতন স্কেলঃ ৯,৩০০-২২,৪৯০/- | ০১<br>(এক) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ও কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত।<br>(খ) বাংলা ও ইংরেজি কম্পিউটার মুদ্রাক্ষর লিখনে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি যথাক্রমে ২০ ও ২০ শব্দ।<br>(গ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৫. | অফিস সহকারী<br>গ্রেড-১৬<br>বেতন স্কেলঃ ৯,৩০০-২২,৪৯০/- | ১০<br>(দশ) | কোন স্বীকৃত বোর্ড হইতে অনূন্য দ্বিতীয় বিভাগে/সিজিপিএ ২.৫ পেয়ে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে। |
| ৬. | কারা সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>বেতন স্কেলঃ ৯,৩০০-২২,৪৯০/- | ৬৫<br>(পঁয়ষট্টি) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ও কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত।<br>(খ) বাংলা ও ইংরেজি কম্পিউটার মুদ্রাক্ষর লিখনে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি যথাক্রমে ২০ ও ২৮ শব্দ।<br>(গ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৭. | অফিস সহকারী কাম-বিক্রেতা (শো-রুম)<br>গ্রেড-১৬<br>বেতন স্কেলঃ ৯,৩০০-২২,৪৯০/- | ০১<br>(এক) | কোন স্বীকৃত বোর্ড হইতে অনূন্য দ্বিতীয় বিভাগে/সিজিপিএ ২.৫ পেয়ে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮. | অফিস সহকারী কাম-বিক্রেতা (রেশন)<br>গ্রেড-১৬<br>বেতন স্কেলঃ ৯,৩০০-২২,৪৯০/- | ০১<br>(এক) | কোন স্বীকৃত বোর্ড হইতে অনূন্য দ্বিতীয় বিভাগে/সিজিপিএ ২.৫ পেয়ে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯. | টাস্ক-টেকার<br>গ্রেড-১৬<br>বেতন স্কেলঃ ৯,৩০০-২২,৪৯০/- | ০৬<br>(ছয়) | কোন স্বীকৃত বোর্ড হইতে অনূন্য দ্বিতীয় বিভাগে/ সিজিপিএ ২.৫ পেয়ে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। তবে শর্ত থাকে যে, কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কাপড় বোনা ও রং করা, কাঠ মিস্ত্রি, কার্পেট তৈরি, কামার ইত্যাদি ট্রেড কোর্সে উত্তীর্ণ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |

| | | | |
|---|---|---|---|
| ১০. | গাড়ী চালক<br>গ্রেড-১৬<br>বেতন স্কেলঃ ৯,৩০০-২২,৪৯০/- | ১২<br>(বারো) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) হালকা ও ভারী যানবাহন চালানোর বৈধ ড্রাইভিং লাইসেন্সের অধিকারী। |
| ১১. | শিক্ষক<br>গ্রেড-১৭<br>বেতন স্কেলঃ ৯,০০০-২১,৮০০/- | ২৬<br>(ছাব্বিশ) | কোন স্বীকৃত বোর্ড হইতে অনূন্য দ্বিতীয় বিভাগে/ সিজিপিএ ২.৫ পেয়ে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষা বা সার্টিফিকেট ইন-এডুকেশন (সি-ইন-এড) উত্তীর্ণ। |
| ১২. | ক্যাশিয়ার<br>গ্রেড-১৭<br>বেতন স্কেলঃ ৯,০০০-২১,৮০০/- | ০১<br>(এক) | কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্যে অনূন্য দ্বিতীয় বিভাগে/সিজিপিএ ২.৫ পেয়ে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৩. | মাস্টার দর্জি<br>গ্রেড-১৮<br>বেতন স্কেলঃ ৮,৮০০-২১,৩১০/- | ০১<br>(এক) | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ০২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ১৪. | বুক বাইন্ডার ইন্সট্রাক্টর<br>গ্রেড-১৯<br>বেতন স্কেলঃ ৮,৫০০-২০,৫৭০/- | ০১<br>(এক) | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ০৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ১৫. | ব্লাকস্মীথ<br>গ্রেড-১৯<br>বেতন স্কেলঃ ৮,৫০০-২০,৫৭০/- | ০৫<br>(পাঁচ) | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ০৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |

## আবেদনের শর্তাবলী

১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে এবং জাতীয় পরিচয়পত্র অথবা জাতীয় পরিচয়পত্র প্রাপ্তির অনলাইন আবেদনের কপি/স্লিপ থাকতে হবে।

২. **প্রার্থীর বয়স ১৯ মে ২০২৫ খ্রিঃ তারিখে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে।** বয়সের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়। বয়সের প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ (এ ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র প্রাপ্তির অনলাইন আবেদনের কপি/স্লিপ বাধ্যতামূলক) থাকতে হবে।

৩. সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই কর্তৃপক্ষের অনুমতিপত্র প্রদর্শন করতে হবে।

৪. অস্পষ্ট/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৫. নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ সার্কুলার ও বিদ্যমান অন্যান্য বিধি-বিধান অনুসরণ করা হবে।

৬. প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার যাতায়াত ভাতা (TA) ও দৈনিক ভাতা (DA) প্রদান করা হবে না।

৭. কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়োগ কার্যক্রমের আংশিক অথবা সম্পূর্ণ পরিবর্তন/বাতিল করতে পারবে। এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৮. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি করতে পারবেন।

৯. এ নিয়োগ বিজ্ঞপ্তি সংক্রান্ত যেকোন পরিবর্তন/সংশোধন (যদি থাকে) কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটে পাওয়া যাবে **(www.prison.gov.bd)**।

১০. কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ (প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ) মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদির সঠিকতা প্রমাণের জন্য নিম্নোক্ত তথ্যাদি মৌখিক পরীক্ষার সময় জমা দিতে হবে:

(ক) সনদ বা প্রমাণপত্রের মূলকপি (শিক্ষাগত যোগ্যতার সনদ, বয়স প্রমাণের জন্য জাতীয় পরিচয়পত্র, পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউপি চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক নাগরিকত্ব সনদ);

(খ) প্রার্থী মুক্তিযোদ্ধার সন্তান হিসেবে প্রমাণের জন্য সর্বশেষ সরকারি সার্কুলার অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সনদপত্রের সত্যায়িত ফটোকপি এবং মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক প্রমাণের জন্য পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউপি চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রত্যয়নপত্র;

(গ) বিশেষ কোটার প্রার্থীদের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার পত্র নং ১৪১, তারিখ: ২৩ জুলাই ২০২৪ এর প্রজ্ঞাপন অনুসরণপূর্বক যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

(ঘ) পূরণকৃত Application Form এর প্রিন্টেড কপি;

(ঙ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

১১. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং পরবর্তীতে যেকোন সময় তা জাল, মিথ্যা ও ভূয়া প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২. আবেদনকারীকে সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা আবেদনপত্রে উল্লেখ করতে হবে। অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীতে এর ভিত্তিতে পদোন্নতি বা অন্য কোন প্রকার সুবিধা দাবি করলে তা গ্রহণযোগ্য হবে না।

১৩. নিয়োগপ্রাপ্তগণ চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষায় অযোগ্য ঘোষিত হলে/ডোপ টেস্ট রিপোর্ট সন্তোষজনক না হলে নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

১৪. প্রার্থীদের সকল পরীক্ষার ক্ষেত্রে স্বাস্থ্যবিধি যথাযথভাবে মেনে চলতে হবে।

১৫. যেকোন তথ্য ও কারিগরি সহযোগিতার জন্য Teletalk Customer Care এ যোগাযোগ অথবা Teletalk মোবাইল থেকে ১২১ এ ফোন করা যেতে পারে।

১৬. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://prison.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

১. **Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৯ মে ২০২৫ খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকা।**

২. **Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১২ জুন ২০২৫ খ্রিঃ রাত ১২.০০ ঘটিকা।** উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ kb ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ Kb এর মধ্যে হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই প্রদানকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:

Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভূলভাবে আবেদনপত্র Submit করা প্রার্থী একটি User ID ও ছবি-স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট বা Download ও রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং-০১ পদের এর জন্য ১৫০/- টাকা, Teletalk চার্জ বাবদ ১৮/- (ভ্যাটসহ) টাকা মোট ১৬৮/- টাকা, ক্রমিক নং-০২ হতে ১০ পর্যন্ত পদের জন্য ১০০/- টাকা, Teletalk চার্জ বাবদ ১২/-(ভ্যাটসহ) টাকা মোট ১১২/- টাকা এবং ক্রমিক নং-১১ হতে ১৭ পর্যন্ত পদের জন্য ৫০/- টাকা, Teletalk চার্জ বাবদ ৬/-(ভ্যাটসহ) টাকা মোট ৫৬/- টাকা; **তবে অনগ্রসর নাগরিক (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) প্রার্থীদের ক্ষেত্রে সকল পদের জন্য আবেদন ফি বাবদ ৫০ (পঞ্চাশ) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ৬/-টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ৫৬/- (ছাপান্ন) টাকা** অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য যে,** Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: PRISON<space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: PRISON ABCDEF

Reply: Applicant's name, Tk- 168/-, Tk- 112/- & Tk- 56/- will be charged as application fee.

Your PIN is 12345678. To pay fee Type PRISON<Space>
YES<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: PRISON<space>YES<Space> PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: PRISON YES 12345678.

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for application of the post .................... of Prisons Directorate. Your User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://prison.teletalk.com.bd ওয়েবসাইট এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিকভাবে সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download করে রঙিন প্রিন্ট করে বের করে নিবেন। প্রার্থীকে প্রবেশপত্রটি প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা, লিখিত পরীক্ষা, মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID ও Password পুনরুদ্ধার করতে পারবেন।

১. User ID জানা থাকলে PRISON<Space>Help<Space>User<Space> User ID & send to 16222.
   Example: PRISON Help User ABCDEF & Send to 16222.

২. PIN Number জানা থাকলে: PRISON<Space>Help<Space>PIN<Space> PIN No & Send to 16222.

| |
|---|
| কারা অধিদপ্তরের চাকরিতে নিয়োগ লাভের ক্ষেত্রে কোন প্রকার ব্যক্তিগত যোগাযোগ বা আর্থিক লেনদেনের সুযোগ নেই। এ ধরনের যে কোন প্রচেষ্টা প্রার্থীর ব্যক্তিগত অযোগ্যতা হিসেবে গণ্য হবে। এমনকি এ ধরণের অনিয়মের প্রমাণ পাওয়া গেলে নিয়োগ লাভের পরও সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে চাকরিচ্যুতিসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। |

২৪/৫/২৫

সদস্য সচিব

কারা অধিদপ্তরের নিয়োগ কমিটি।